

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৭২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفصلُ الثّنِيُّ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ يَقُولُ: ابْنَ آدَمَ تَفَرَّغْ لِعِبَادَتِي
أَمْلَأْ صَدْرَكَ غِنَّى وَأَسِدَّ فَقْرَكَ وَإِنْ لَا تَفْعَلْ مَلَأْتُ يَدَكَ شُغْلًا وَلَمْ أَسْدُّ فَقْرَكَ . رَوَاهُ
أَحْمَدُ وَابْنُ مَاجَةَ

اسناده حسن ، رواه احمد (2 / 358) ح 8681 و ابن ماجه (4107) -

(صَحِيحٌ)

বাংলা

৫১৭২-[১৮] উক্ত রাবী [আবু হুরায়রাহ (রা.)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) বলেছেন: নিশ্চয় আল্লাহ তা'আলা বলেন, হে আদম সন্তান! আমার ইবাদতের জন্য ব্যস্ততা হতে মুক্ত হও। আমি তোমাদের হৃদয়কে অভাব-মুক্তি দ্বারা পরিপূর্ণ করে দিব এবং তোমার দরিদ্রতার পথ বন্ধ করে দিব। আর যদি তা না করো, তবে আমি তোমার হাতকে (দুনিয়ার) ব্যস্ততায় পূর্ণ করে দেবো এবং তোমার অভাব মিটাব না। (আহমাদ ও ইবনু মাজাহ)।

ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ৪১০৭, সিলসিলাতুস সহীহাহ ১৩৫৯, মুসনাদে আহমাদ ৮৬৮১, তিরমিয়ী ২৪৬৬, সহীলুল্লাহ জামি ১৯১৪, সহীহ আত্ম তারগীব ওয়াত তারহীব ৩১৬৫, মুসান্নাফ আবদুর রাজজাক ২০৩০৫, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ। ৩৪৬৯৯, সহীহ ইবনু হিব্রান ৩৯৩, শুআবুল ঈমান ১০৩৩৯, আল মুজামুস সগীর লিত্ত ত্ববারানী ১৬৮৯৪, আল মুসতাদরাক লিল হাকিম ৩৬৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (ابنَ آدَمَ تَفْرُغٌ لِعِبَادَتِي أَمْلَأْ صَدَرَكَ غَنِّيًّا وَأَسِدَّ فَقْرَكَ) : আল্লাহ তা'আলা বলেন, হে আদম সত্তান! তুমি আমার 'ইবাদতে মশগুল থাক আমি তোমার অন্তরকে ধনাঢ্যতা দিয়ে পূর্ণ করে দিবো এবং তোমার প্রয়োজন মিটিয়ে দিব।

ইমাম বাযহাকী (রহিমাভ্লাহ) ইমরান ইবনু হুসায়ন থেকে মারফু সূত্রে বর্ণনা করেছেন, যে ব্যক্তি আল্লাহর প্রতি মনোযোগী হয় আল্লাহ তাঁর সমস্ত প্রয়োজন মিটিয়ে দেন এবং এমন জায়গা হতে রিয়কের ব্যবস্থা করেন যা সে কল্পনাও করতে পারে না। আর যে ব্যক্তি দুনিয়ার প্রতি মনোযোগী হয় আল্লাহ তা'আলা তাকে দুনিয়ার প্রতি সোপর্দ করেন। অর্থাৎ আল্লাহ তা'আলা তার দায়িত্ব তারই নিজ হাতে তুলে দেন, তার কোন দায়িত্ব আল্লাহ গ্রহণ করেন না। (মিক্হাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁচনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85152>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন